দৈনিক ইনকিলাব

তারিখ ... MAR. 6 .. 1999 ...
পৃষ্ঠা ৩২ কলাম ৩ ......

73

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের ৭২ ঘন্টার ধর্মঘটের আহবান

**ইসলামী বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** আজ (শনিবার) থেকে আগামী সোমবার পর্যন্ত ছাত্রদল ইসলামী বিশ্ববিদ্যালয়ে ৭২ ঘন্টার ধর্মঘটের ডাক দিয়েছে। চলতি বছরের ডায়েরী থেকে বাদ দেয়া এর প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট শহীদ জিয়াউর রহমানের নাম ও লক্ষ্য উদ্দেশ্য পুনঃ সংযোজন এবং রাজনৈতিক নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবীতে এ ধর্মঘটের আহবান করা হয়েছে। একই দাবীতে ছাত্রদল ইতিপূর্বে সপ্তাহিককাল ধরে বিক্ষোভ ও ক্লাস বর্জন কর্মসূচী পালনের পরও কর্তৃপক্ষের নীরব ভূমিকায় বাধ্য হয়ে এ ধর্মঘট ডাকা হয়েছে বলে দলীয় সূত্র জানিয়েছে। শিবিরও এ লক্ষ্য উদ্দেশ্য পুনঃ সংযোজনের দাবীতে বিক্ষোভ অব্যাহত রেখেছে। অনির্ধারিত বন্ধের কারণে ইসলামী বিশ্ববিদ্যালয় একাডেমিক কার্যক্রম মূলতঃ অচলাবস্থায় নিপতিত হয়েছে। ক্যাম্পাসে একের পর এক ইস্যুতে সৃষ্ট অস্থিতিশীল পরিবেশের কারণে কর্তৃপক্ষের সক্রিয় কোন পদক্ষেপ না থাকায় সাড়ে ৫ হাজার ছাত্র-ছাত্রীর শিক্ষা জীবন এখন অনিশ্চয়তার মুখোমুখি। ছাত্র সংগঠনগুলোর সন্ত্রাসী ঘটনার জন্য এবং আইন-শৃংখলা ভঙ্গের শাস্তিস্বরূপ নামমাত্র তদন্ত কমিটি গঠন আর শো-কজ জারি করার মাঝেই দায়িত্ব ও কর্তব্য সীমাবদ্ধ রাখায় পরিস্থিতির কোনরূপ উন্নতি পরিলক্ষিত হচ্ছে না। নোটিশ জারি করে বহিরাগত ও বিনা অনুমতিতে জনসাধারণের যানবাহন ক্যাম্পাসে প্রবেশের ক্ষেত্রে নিষেধাজ্ঞা থাকলেও তা লংঘিত হচ্ছে প্রতিনিয়ত। শিক্ষকদের বেশীর ভাগই ভিসির সাথে নিজেদের স্বার্থ সংশ্লিষ্ট লবিংয়ে বেশী তৎপর হয়ে পড়ছেন বলে অভিযোগ উঠেছে। ভাইস চ্যান্সেলরকে হরতালের ব্যাপারে প্রশ্ন করা হলে তিনি জানান, সাধারণ ছাত্র-ছাত্রীদের নিরাপত্তা ও শিক্ষার পরিবেশ বজায় রাখার যাবতীয় ব্যবস্থা নেয়া হবে।